

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন ; ০৮১-৭৬৩২৮, ফ্যাক্স ; ০৮১-৭৬৪৩৮,
ওয়েব সাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০১৬/ ২৪৭(১)

তারিখ : ২৪ -১১-২০১৬ খ্রি:


বিজ্ঞপ্তি

বিষয় : বিশেষ অনুমতিতে ২০১৭ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে তাঁদের প্রতিষ্ঠানের যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে ২০১৭ সনের এসএসসি পরীক্ষার ফরম পূরণ করতে ব্যর্থ হয়েছেন তাদেরকে আগামী ০১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে (www.comillaboard.gov.bd) গিয়ে বিজ্ঞপ্তি নং ১৩৩/২০১৬, তারিখ: ০৪/১০/২০১৬ খ্রি: এর নির্দেশনা মোতাবেক ফরম পূরণের যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরীক্ষার্থীর ফি বাবদ সোনালী সেবার মাধ্যমে জমাকৃত টিটি, পে-স্লিপ এর মূলকপি ও ০১(এক) সেট ফটোকপি এবং পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপিসহ অন্যান্য কাগজপত্র প্রধান শিক্ষকের ফরোয়ার্ডিংসহ মাধ্যমিক পরীক্ষা শাখায় ০৫/১২/২০১৬ তারিখে জমা দিতে হবে এবং ০১(এক) সেট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। আগামী ০১/১২/২০১৬ তারিখের পরে ফরম পূরণের আর কোন সুযোগ দেয়া হবে না।

বিষয়টি অতীব জরুরি।


24.11.16
(মোহাম্মদ শাহিদুল ইসলাম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬৪৬১

প্রাপক:

অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান।